গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯৭.০০১.২৩-১১৪

তারিখ : ১৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলী অনুযায়ী অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনসমূহকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/ নিবন্ধনভুক্ত হতে হবে।

২. যুবকল্যাণ তহবিল হতে অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত যুব সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ধাত্রীবিদ্যা, ঋণ কর্মসূচি ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৪. প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ২০ (বিশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৫. তৃতীয়লিঙ্গ/বিশেষ চাহিদাসম্পন্নদের দ্বারা পরিচালিত যুব সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৬. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।

৭. বিবেচ্য অর্থবছরের পূর্ববর্তী তিন অর্থবছর (২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩) যেসব যুব সংগঠন অনুদান পেয়েছে তাদের আবেদন যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৮. যেসব যুব সংগঠন বা এনজিও প্রতিষ্ঠান ব্যক্তি ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত বা এ বিষয়ে বেসরকারী প্রতিষ্ঠানের সাথে ঋণ কার্যক্রম পরিচালনায় চুক্তিবদ্ধ তাদের আবেদন যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৯. দুর্গম/পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

১০. আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যাচাই বাছাই ফরমের নির্ধারিত স্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা /ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে।

১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে-(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত কার্যক্রম/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থান (গ) প্রশিক্ষণ, ঋণ, অনুদান কিংবা আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সুযোগ সৃষ্টির তথ্য, (ঘ) উদ্যোক্তা তৈরি সম্পর্কিত চাহিত তথ্যাদি।

১২. যুব সংগঠনের কার্যক্রম যেমন (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিস্কার পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, জঙ্গি বিরোধী, মশক নিধন কার্যক্রম), (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন সম্পর্কিত কার্যক্রম (যেমন-স্বেচ্ছায় রক্তদান, পাঠাগার পরিচালনা, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের স্বাস্থ্য সেবা প্রদান, গর্ভবতী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান, মৃত ব্যক্তিদের সৎকারের ব্যবস্থা করা ), (৩) স্বেচ্ছাসেবী কার্যসম্পাদন (যেমন- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন, নিরক্ষতা দূরীকরণ, প্রশিক্ষণ ও শিক্ষা, স্যানিটেশন কার্যক্রম ), (৪) সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান (যেমন-যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অবদান, শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অবদান, দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অবদান), (৫) জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা, সমাজকল্যাণে অবদান, সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদান বিবেচনায় {প্রতিটি কার্যক্রমের প্রমাণক হিসেবে জেলা/ উপজেলা প্রশাসনের কর্মকর্তা অথবা স্থানীয় জনপ্রতিনিধির উপস্থিতির ছবি (ক্যাপশনসহ) সংযুক্ত করতে হবে }।

১৩. উপজেলা পর্যায়ে যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিল করার পর অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তা কর্তৃক ব্যাংক স্টেটমেন্ট, নিবন্ধন সনদ ও চাহিত অন্যান্য তথ্যাদির যাচাই-বাছাইয়ের প্রত্যয়ন থাকতে হবে।

১৪. নীতিমালার শর্তাদি বহির্ভুত প্রকল্প/প্রস্তাবনা/কার্যক্রম অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৫. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

পাতা/২

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( www.moysports.gov.bd ) এর অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান লিংক অথবা সরাসরি http://103.48.18.205/Grants/ ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিল্ডওয়ারি (অনুচ্ছেদভিত্তিক) চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড (Upload) করে আগামী ১৪ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ ( ২৯ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ ) তারিখের মধ্যে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন দাখিল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

৩। উল্লেখ্য, অনলাইন আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির নিম্নে দৃশ্যমান রাখা হয়েছে।

২৯/১০/২০২৩
মো: রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৫১.৯৭.০০১.২৩- ১১৪ তারিখ : ২৯ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ( মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানসহ পত্রটি প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।

২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। জেলা প্রশাসক (সকল) [ তাঁর আওতাধীন মহানগরীর ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং সকল উপজেলা নির্বাহী অফিসার-কে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানের অনুরোধসহ ] ।

৫। উপসচিব (যুব-১অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত উপযুক্ত যুব সংগঠনের আবেদনসমূহ সুপারিশপূর্বক তা অনলাইনের মাধ্যমে নির্ধারিত সময়ের ( ০১ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ১০ জানুয়ারি, ২০২৪ খ্রি. ) মধ্যে জেলার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর প্রেরণের অনুরোধসহ)।

৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনে প্রাপ্ত উপযুক্ত আবেদনে সুপারিশ প্রদানপূর্বক নির্ধারিত সময়ে ( ০১ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ১০ জানুয়ারি, ২০২৪ খ্রি.) জেলা কমিটির সদস্য সচিব সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনে প্রেরণের অনুরোধসহ )।

১০। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল) ( তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :

(১) যুব সংগঠনসমূহ সকল উপজেলা/মেট্রোপলিটন ইউনিট থানা কার্যালয়ে অধিক সংখ্যক আবেদন দাখিল করে সে বিষয়ে উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

(২) বিজ্ঞপ্তির শর্তাবলী অনুযায়ী ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনসমূহের আবেদন বিবেচনাযোগ্য নয় । এ ক্ষেত্রে কোন আবেদন দাখিল করা হলে তা উর্ধ্বগামী না করে জেলা কমিটির মাধ্যমে অবশ্যই বাতিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

(৩) আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে আবশ্যিকভাবে (Mandatory) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার যাচাই-বাছাই ফরমের নির্ধারিত স্থানে প্রত্যয়ন থাকতে হবে। এ ছাড়া অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তাসহ) কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে ব্যাংক স্টেটমেন্ট ও নিবন্ধন সনদসহ অন্যান্য চাহিত তথ্যাদি যাচাই-বাছাইয়ের বিষয়ে নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে।

(৪) উপজেলা/মেট্রোপলিটন যুব ইউনিট থানা কার্যালয় হতে যথানিয়মে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ জেলা যাচাই-বাছাই কমিটির নিকট পেশ করার পূর্বে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতিপত্র, নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক সংগঠনের নিবন্ধন/হালনাগাদ সঠিকতা যাচাই করার ব্যবস্থা গ্রহণ।

(৫) যুব সংগঠন কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদন অনুযায়ী সংগঠনের কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে নির্ধারিত স্থানে

(৬) সকল কার্যক্রম শেষে প্রাপ্ত যুব সংগঠনের অনলাইন আবেদন জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত জেলা যাচাই-বাছাই কমিটির নিকট উপস্থাপনসহ সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী ( কার্যবিবরণীতে সঠিক ও ত্রুটিপূর্ণ সংগঠনের নাম উল্লেখসহ) নির্ধারিত সময়ের ( ১১ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ৩০ জানুয়ারি, ২০২৪ খ্রি.) মধ্যে অনলাইনের মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ত্রুটিপূর্ণ আবেদন জেলা কমিটির মাধ্যমে বাতিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(৭) সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ইউজার গাইড (User Guide) অনুসরণ করা।

(৮) এ বিষয়ে যেকোন সমস্যাদি নিরসনকল্পে ইতঃপূর্বে মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত জেলার সংশ্লিষ্ট প্রশিক্ষক এবং সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান Swift Solution এর প্রতিনিধির সহযোগিতা নেয়া যেতে পারে ( মোবাইল নম্বর পত্রের শেষে দ্রষ্টব্য )।

১১। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল)।

১২। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের জন্য )।

১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা/থানা ইউনিট কার্যালয় (তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :

(১) সকল উপজেলা/মেট্রোপলিটন ইউনিট যুব থানা হতে যাতে অধিক সংখ্যক যুব সংগঠন আবেদন দাখিল করে সে বিষয়ে তার আওতাধীন সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

(২) যুব সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদন দাখিলের ক্ষেত্রে সকল প্রকার সহযোগিতা প্রদানসহ অনলাইন আবেদন দাখিলের পূর্বে যাতে আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করে সে বিষয়ে সংশ্লিষ্টদের পরামর্শ দেয়ার অনুরোধ করা হলো।

(৩) বিজ্ঞপ্তির শর্তাবলী অনুযায়ী ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনসমূহের আবেদন অযোগ্য হিসেবে বিবেচিত হবে। উক্ত অর্থবছরগুলোতে অনুদানপ্রাপ্ত কোন আবেদন পাওয়া গেলে পরবর্তীতে তা জেলা কমিটির মাধ্যমে বাতিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৪) সরেজমিন পরিদর্শন করে যুব সংগঠনের প্রয়োজনীয় তথ্যাদির বিষয়ে নিশ্চিত হয়ে নির্ধারিত স্থানে তাঁর সুপারিশসহ আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে আবশ্যিকভাবে (Mandatory) যাচাই-বাছাই ফরমে সুপারিশসহ যাচাই বাছাই ফরমের নির্ধারিত স্থানে তাঁর প্রত্যয়ন থাকতে হবে।

(৫) উপজেলা পর্যায়ে যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিল করার পর অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তাসহ) কর্তৃক ব্যাংক স্টেটমেন্ট ও নিবন্ধন সনদসহ অন্যান্য চাহিত তথ্যাদি যাচাই-বাছাইয়ের বিষয়ে নির্ধারিত স্থানে তাঁর প্রত্যয়ন থাকতে হবে।

(৬) সফটওয়্যারে তাঁর প্যানেল বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময়ের ( ১৫ ডিসেম্বর, ২০২৩ খ্রি. হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.) মধ্যে সকল কার্যক্রম শেষে মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদনসমূহ অনলাইনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(৭) উপজেলা/মেট্রো থানা ইউনিট কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সুপারিশ ভিত্তিহীন প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এর সার্বিক দায়-দায়িত্ব বহন করতে হবে।

(৮) সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ইউজার গাইড (User Guide) অনুসরণ করা।

পাতা/৪

(৯) এ বিষয়ে যেকোন সমস্যাদি নিরসনকল্পে ইতঃপূর্বে মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত জেলার সংশ্লিষ্ট প্রশিক্ষক এবং সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান Swift Solution এর প্রতিনিধিদের সহযোগিতা নেয়া যেতে পারে। সংশ্লিষ্টদের মোবাইল নম্বর পত্রের নিম্নে দ্রষ্টব্য)।

**বিঃ দ্রঃ সকল আবেদন যাচাই-বাছাই শেষে শুধুমাত্র একটি ফাইলের মাধ্যমে মহানগরীর ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অনলাইনে প্রেরণ করতে হবে। একাধিক ফাইল প্রেরণ করার কোন সুযোগ নেই।**

১৪। প্রোজেক্ট ম্যানেজার, Swift Solution, মিরপুর, ঢাকা।
১৫। অফিস কপি।

২৯/১০/২০২৩
মো: রবিউল ইসলাম
উপসচিব

বি: দ্র: ১. উপজেলা/ মেট্রোপলিটন ইউনিট থানা কার্যালয় হতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের তারিখ : <u>১৫ ডিসেম্বর, ২০২৩ খ্রি. হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.</u>।

২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার থেকে উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর প্রেরণের তারিখ : <u>০১ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ১০ জানুয়ারি, ২০২৪ খ্রি.</u>।

৩. জেলা কমিটির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের তারিখ : <u>১১ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ৩০ জানুয়ারি, ২০২৪ খ্রি.</u>

৪. বিজ্ঞপ্তির শর্তাবলী অনুযায়ী <u>২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩</u> অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনসমূহের আবেদন যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

❖ অনলাইন আবেদন প্রক্রিয়ার ক্ষেত্রে যে কোন জটিলতা নিরসনের জন্য ০১৯৪২২০১৫৬১ মোবাইল নম্বরে ফোন করে পরামর্শ নেয়া যাবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন শাখা
<u>যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।</u>

নথি নং- ৩৪.০১.০০০০.০২৬.৩৩.১৩৮.২১- ১১০২ তারিখ- ৩০ অক্টোবর ২০২৩ খ্রি.।

পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

<u>অনুলিপি: সদয় কার্যার্থে:</u>

০১। উপপরিচালক------------------------------(সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
০২। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা-----------------------(সকল), উপজেলা/থানা-------------------------(সকল) জেলা।

<u>সদয় জ্ঞাতার্থে:</u>

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। উপসচিব (যুব-১ শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

৩০/১০/২০২৩
(অঞ্জলী রানী হাওলাদার)
সহকারি পরিচালক
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন
ফোন-০২-২২৩৩৮৯৩১০